ঢাকা ওয়াসা

Name of the Work: ভান্ডার বিভাগের Open Tinshed Godown No.11এর মালামালসমূহ সাজানো গোছানো কাজ প্রসঙ্গে।

অনুচ্ছেদ: ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,পাগলাস্থ ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, মডস জোন, রাজস্ব জোন/ বিভাগের সমস্ত মালামাল অত্র ভান্ডার বিভাগে জমা করা হয় এবং ভান্ডার বিভাগ কর্তৃক সকল মালামাল মজুদ, সংরক্ষণ ও বিতরন করা হয়ে থাকে। তাছাড়া সকল ধরনের পুরাতন মালামাল MRS এর মাধ্যমে অত্র ভান্ডার বিভাগে জমা করা হয়। উল্লেখ্য মালামালগুলো আবদ্ধ গোডাউন ও Open Tinshed Godown জমা রাখা হয়। বিভিন্ন প্রকল্প, মডস জোন, রাজস্ব জোন/ বিভাগের চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন মালামাল ইস্যু করার পর অবশিষ্ট মালামাল,পুনরায় সাজিয়ে গুছিয়ে রাখতে হয়। মালামালের সঠিক হিসাব সংরক্ষণ এবং সহজে ইস্যু করার লক্ষ্যে বিষোয়ক্ত কাজটি জরুরীভাবে করা প্রয়োজন।

অনুচ্ছেদ: ১.১

উপরোক্ত বর্ণনার আলোকে "ভান্ডার বিভাগের Open Tinshed Godown No.11 এর মালামালসমূহ সাজানো গোছানো " শীর্ষক কাজের জন্য পূর্বানুমোদিত দর (সংযুক্তি-৩) এর ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৪) প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳২৩,৫০০.০০ (তেইশ হাজার পাঁচশত) টাকা মাত্র। আলোচ্য কাজটি ভান্ডার বিভাগের ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (সংযুক্তি-১, ক্রমিক নং-১১৪) এর থোক বরাদ্দের আওতায় বাস্তবায়ন করা হবে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের "ভান্ডার রক্ষণাবেক্ষণ" খাত (কোড: ০১-০৪-০০৮) হতে নির্বাহ করা হবে। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তি-১	বার্ষিক ক্রয় পরিকল্পনা
সংযুক্তি-২	বর্তমান স্থিরচিত্র
সংযুক্তি-৩	পূর্বানুমোদিত দর
সংযুক্তি-৪	প্রাক্কলন

অনুচ্ছেদ: ১.২

এমতাবস্থায়, "ভান্ডার বিভাগের Open Tinshed Godown No.11 এর মালামালসমূহ সাজানো গোছানো" শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ৳২৩,৫০০.০০ (তেইশ হাজার পাঁচশত) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

AE

EE

SE, SMW CC

Md.Hasanuzzaman
Sub-Assistant Engineer
Store Division, Dhaka WASA

মোঃ দেলোয়ার হোসাইন
সহকারী প্রকৌশলী
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা।

(মোঃ ছরোয়ার হোসেন খান)
নির্বাহী প্রকৌশলী
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা

মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ. সি সার্কেল,
ঢাকা ওয়াসা।

১-৬ | অনুমোদিত

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।